

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ১৪, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
অঃ প্রঃ শাখা-১
প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ই নভেম্বর, ১৯৯২/৩০শে কাতিক, ১৩৯৯

নং এস. আর. ও. ২৪২-আইন/৯২ সম(অঃপ্রঃ-১)/বিপিএটিসি-২৮/৯০—Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ord. No. XXVI of 1984) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

- ১। সংক্ষিপ্ত শিরোনামঃ—এই বিধিমালা বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (রেজিস্টার, পরিচালনা পর্ষদের সদস্য ও পরিচালক) নিয়োগ বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞাঃ—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—
 - (ক) “ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট” বলিতে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান প্রদত্ত ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট বুঝাইবে;
 - (খ) “তফসিল” বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;
 - (গ) “নির্দিষ্টকৃত পদ” বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে;
 - (ঘ) “নিয়োগবন্দী বৃত্তি/ক্ষ” বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;
 - (ঙ) “শিক্ষানবিস” বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে।

(১১৯১)

মূল্যঃ টাকা ২'০০

০৪/১১/৯২
০৪/১১/৯২
বহিঃস্থ ইন্সপেক্টর
জেনারেল (সিভিল সার্ভিস)
শে সরকারি ইন্সপেক্টর
কলকাতা, ঢাকা-১১০৩

